# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## ভর্তি বিজ্ঞপ্তি

স্মারক নং–উবি–১৪/২০০৭/২০২৫-২২৭৫২

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২০২৬ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে (বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সন) ভর্তি প্রসঙ্গে।**

১। শিশুশ্রেণিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক নির্বাচন সাক্ষাতকারের মাধ্যমে এবং চূড়ান্ত নির্বাচন লটারির মাধ্যমে সম্পন্ন করা হবে।

২। **প্রার্থীর বয়স:** ০১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ যাদের বয়স ৫ বছর বা ৫ বছরের বেশি কিন্তু ৬ বছরের মধ্যে।

৩। ভর্তির আবেদন আগামী **২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ** বৃহস্পতিবার সকাল ৮:০০ টা থেকে **১৫ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ বুধবার রাত ১১:৫৯** মিনিটের মধ্যে অনলাইনের মাধ্যমে গ্রহণ করা হবে।

৪। বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.udayan.edu.bd) গিয়ে Admission মেন্যু থেকে Online Admission এ ক্লিক করতে হবে।

৫। অনলাইনে প্রদর্শিত আবেদন ফরমটি সঠিকভাবে পূরণ করতে হবে। প্রার্থী ও পিতা-মাতার রঙিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 300 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির ফাইল সাইজ অনূর্ধ্ব 70 KB হতে হবে। [ছবির ফাইলের নাম যেকোন Alphabet দিয়ে Rename করতে হবে, ফাইলের নামে কোন Number/Special Character (i.e. ^, #, - etc.) দিয়ে দেয়া যাবে না।]

৬। **পূরণকৃত আবেদন ফরম Final Submit করার পর পূরণকৃত আবেদন ফরমটি ডাউনলোড করে নিবেন। ফরমটির নিচের দিকে পেমেন্ট সংক্রান্ত তথ্য থাকবে যা ভালোভাবে পড়ে পেমেন্ট সম্পূর্ণ করুন।**

৭। আবেদনপত্রের ফি (৩০০/- + ৩০/- অনলাইন চার্জ) মোট ৩৩০/- (তিনশত ত্রিশ টাকা মাত্র) অনলাইনে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে। উল্লেখ্য, পেমেন্ট না করা পর্যন্ত প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট বা ডাউনলোড হবে না। আরো উল্লেখ থাকে যে, **আবেদন পত্রের ফি ১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার বিকাল ৫:০০ টা পর্যন্ত** পরিশোধ করা যাবে।

৮। **নির্ধারিত তারিখে প্রিন্টকৃত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে। কাগজপত্র জমাদানের তারিখ ওয়েবসাইটের (www.udayan.edu.bd) মাধ্যমে পরে জানানো হবে।**
(ক) **প্রবেশপত্রের ফটোকপি - ২টি**
(খ) **পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি - ১টি**
(গ) শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি - ১টি
(ঘ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি - ১টি করে
(ঙ) পিতা ও মাতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি - ১টি করে
(চ) সরকারী বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর পিতা-মাতার এসএসসি পরীক্ষার সনদ এর সত্যায়িত কপি - ১টি
(ছ) ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের ক্যাচমেন্ট প্রমাণের জন্য নিম্নলিখিত প্রমাণপত্র জমা দিতে হবে:
(i) আবেদনকারীর অভিভাবক যদি বাড়ির মালিক হয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ বিল/পানির বিল/টেলিফোন বিল/খাজনা/হোল্ডিং ট্যাক্স পরিশোধের সত্যায়িত কপি - ১টি
(ii) আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে বাড়ি ভাড়ার চুক্তিপত্র ও ভাড়া পরিশোধের রশিদের সত্যায়িত কপি এবং বাড়িওয়ালার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি - ১টি
(iii) আবেদনকারীর অভিভাবক যদি সরকারী বরাদ্দকৃত বাসায় বসবাস করেন, সেক্ষেত্রে নিজ নামে এলোটমেন্ট পেপারের সত্যায়িত কপি - ১টি
(জ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
(ঝ) উদয়ন-উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক ও কর্মকর্তার ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৯। (ক) জমাকৃত আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর সাক্ষাতকারের জন্য নির্বাচিতদের তালিকা বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এ প্রকাশ করা হবে। সাক্ষাতকারের সময়সূচি বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর মাধ্যমে পরে জানানো হবে।
(খ) **সাক্ষাতকারের সময় জমাকৃত সত্যায়িত সকল ডকুমেন্টের মূল কপিসহ অবশ্যই প্রার্থীর সাথে পিতা ও মাতাকে উপস্থিত থাকতে হবে।** সাক্ষাতকারের পর লটারির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।
(গ) লটারির মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে। লটারির তারিখ ও সময়সূচি বিদ্যালয়ের নোটিস বোর্ড ও ওয়েবসাইটের (www.udayan.edu.bd) মাধ্যমে যথাসময়ে প্রকাশ করা হবে।

১০। ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর Notice Board-এ প্রদর্শিত বিজ্ঞপ্তি দেখতে হবে।

১১। আবেদনে **ভুল তথ্য প্রদান করলে অথবা চাহিদা মোতাবেক কাগজপত্র সরবরাহ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।** এছাড়া আবেদন ফরমে কোটার ঘরে সঠিকভাবে কোটা সিলেক্ট না করলে এবং কোটার অনুকূলে ডকুমেন্ট সাবমিট না করলে কোটা সুবিধা প্রাপ্য হবে না।

### একনজরে গুরুত্বপূর্ণ তারিখসমূহ

| | |
|---|---|
| ➢ অনলাইনে ফরম পূরণ শুরুর সময় | : ২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার সকাল ০৮:০০ টা |
| ➢ অনলাইনে ফরম পূরণের শেষ সময় | : ১৫ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ বুধবার রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত |
| ➢ অনলাইনে আবেদন ফি প্রদানের শেষ সময় | : ১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার বিকাল ০৫:০০ টা |

**বি:দ্র: কর্তৃপক্ষ এই প্রক্রিয়ায় পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।**

২২/০৯/২০২৫

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়